ISO 9001:2015 Certified

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১
চাটমোহর, পাবনা।

মুজিব ১০০

ফোন-অফিস - ০২-৫৮৮৪৮৫০১
অভিযোগ কেন্দ্র - ০২-৫৮৮৪৮৩৩৬
ই-মেইল ঠিকানা - pbs1pabna@gmail.com
ওয়েব সাইট - www.pbs1.pabna.gov.bd

স্মারক নং-২৭.১২.৭৬২২.৫০৭.০২.০০৮.২৩. ৫৭২

তারিখঃ ১৫ মাঘ, ১৪২৯ বঙ্গাব্দ
২৯ জানুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ

"নিয়োগ বিজ্ঞপ্তি"

পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১, চাটমোহর, পাবনা এর নিম্নোক্ত **"ডাটা এন্ট্রি অপারেটর"** ও **"অফিস সহায়ক"** শূন্য পদে লোকবল নিয়োগ/প্যানেল তৈরীর জন্য প্রকৃত যোগ্যতা সম্পন্ন বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে জেনারেল ম্যানেজার, পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১, চাটমোহর, পাবনা বরাবর আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	বেতন স্কেল	পদের সংখ্যা	প্রার্থীর যোগ্যতা	যে জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
০১।	ডাটা এন্ট্রি অপারেটর (মহিলাদের জন্য সংরক্ষিত)	পবিস বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৮,৩০০.০০ হতে ৪৬,২৪০.০০ এবং নিয়ম অনুযায়ী বাড়ী ভাড়া, চিকিৎসা ভাতা ও অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন।	০২ টি (কম বেশী হতে পারে)	(ক) এসএসসি বা সমমান ও এইচএসসি বা সমমান পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ অথবা সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম সিজিপিএ ২.২৫ অথবা জিপিএ ৫.০০ এর মধ্যে জিপিএ ন্যূনতম ২.৫০ থাকতে হবে। (খ) কম্পিউটারে বাংলা ও ইংরেজীতে টাইপিং গতি প্রতি মিনিটে যথাক্রমে ন্যূনতম ২০ (বিশ) শব্দ ও ৩০ (ত্রিশ) শব্দ তৈরীতে সক্ষম হতে হবে। ওয়ার্ড প্রসেসিংসহ কম্পিউটার ও অফিস যন্ত্রপাতি পরিচালনায় দক্ষতা ও এর উপর পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে। (গ) বাংলা ও ইংরেজী ব্যাকরনে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে। বানান, উচ্চারণ, বাক্য গঠন, শব্দ তৈরী সম্পর্কে সঠিক ধারণা থাকতে হবে। (ঘ) পরিচ্ছন্ন ও গোছানো কাজে সক্ষমতা থাকতে হবে। (ঙ) ফাইলিং পদ্ধতি, পত্র যোগাযোগ, তথ্য ও ফাইল ডাটা সমন্ধে যথাযথ জ্ঞান থাকা বাঞ্চনীয়। (চ) ওয়ার্ড প্রসেসিং এন্ড প্রিন্টিং ও কম্পিউটার বিষয়ে মৌলিক জ্ঞান সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।	বাগেরহাট, বরগুনা, বরিশাল, ভোলা, ব্রাহ্মনবাড়িয়া, চাঁদপুর, চট্টগ্রাম, কুমিল্লা, কক্সবাজার, ঢাকা, দিনাজপুর, ফরিদপুর, ফেণী, গাজীপুর, গোপালগঞ্জ, হবিগঞ্জ, জামালপুর, যশোর, ঝালকাঠি, খাগড়াছড়ি, খুলনা, কিশোরগঞ্জ, লক্ষীপুর, লালমনিরহাট, মৌলভীবাজার, মুন্সিগঞ্জ, ময়মনসিংহ, নারায়নগঞ্জ, নরসিংদী, নেত্রকোনা, নোয়াখালী, পঞ্চগড়, পটুয়াখালী, রাঙ্গামাটি, রংপুর, সাতক্ষীরা, শরিয়তপুর, শেরপুর, সুনামগঞ্জ, সিলেট, ঠাগুরগাঁও
০২।	অফিস সহায়ক	পবিস বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৫,৫০০.০০ হতে ৩৯,১৭০.০০ এবং নিয়ম অনুযায়ী বাড়ী ভাড়া, চিকিৎসা ভাতা ও অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন।	০২ টি (কম বেশী হতে পারে)	(ক) শিক্ষাগত যোগ্যতাঃ এসএসসি/সমমান পাশ। (খ) প্রার্থীকে সৎ, নিষ্ঠাবান ও উন্নত চরিত্রের অধিকারী হতে হবে। (গ) সু-স্বাস্থ্যের অধিকারী হতে হবে। (ঘ) বাইসাইকেল চালনা জানতে হবে ও নিজস্ব বাইসাইকেল থাকতে হবে।	

শর্তাবলীঃ-

০১। **আবেদনপত্র পূরণ ও জমাদানঃ** পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১, চাটমোহর, পাবনা এর ওয়েবসাইট (www.pbs1.pabna.gov.bd) হতে আবেদন ফরম (ফরম নং-পমাসপ-১১০-০০২, ভার্শন-০১) ডাউনলোড পূর্বক স্বহস্তে পুরণ করে আগামী ১৩/০২/২০২৩খ্রিঃ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১, চাটমোহর, পাবনা বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিস এর মাধ্যমে আবেদনপত্র পৌঁছাতে হবে। সাদা কাগজে লিখিত বা টাইপকৃত কোন আবেদনপত্র এবং উল্লিখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

০২। ১৩/০২/২০২৩ খ্রিঃ প্রার্থীর সর্বোচ্চ বয়স সীমা ৩০ (ত্রিশ) বছর। তবে মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে সর্বোচ্চ বয়স সীমা ৩২ (বত্রিশ) বছর।

০৩। <u>**আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবেঃ**</u>

(ক) সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গীন ছবি;

(খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ এর সত্যায়িত অনুলিপি;

(গ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি;

(ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন এর চেয়ারম্যান/মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ পত্র;

(ঙ) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার অথবা বাপবিবো/পবিস এর কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

(চ) জেনারেল ম্যানেজার, পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১, চাটমোহর, পাবনা এর অনুকূলে প্রতি পদের বিপরীতে ১০০.০০ (একশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট অথবা ক্রসড পোষ্টাল অর্ডার সংযুক্ত করতে হবে।

০৪। আবেদন পত্রের সাথে সংযুক্ত সকল কাগজ পত্র প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ও নাম পদবী সম্বলিত সীল থাকতে হবে।

০৫। সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং আবেদনপত্র নির্ধারিত তারিখের মধ্যে পৌঁছাতে হবে।

০৬। নিয়োগের ক্ষেত্রে সকল ধরণের সরকারী কোটা নীতি অনুসরণ করা হবে। নিয়োগকালে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানগণের ক্ষেত্রে সরকার নির্ধারিত কোটা সংরক্ষণ করা হবে। তবে সে ক্ষেত্রে আবেদনপত্রের সাথে সরকারী নির্দেশ অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত সার্টিফিকেটের সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।

০৭। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৮। ইতিপূর্বে কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগকারী কারো উক্ত পদে আবেদন করার প্রয়োজন নাই।

০৯। অত্র সমিতির বোর্ড পরিচালক/মহিলা পরিচালক, কর্মকর্তা/কর্মচারীদের রক্তের সম্পর্কীয় কেহ অথবা তাদের স্বামী/স্ত্রীদের রক্তের সম্পর্কীয় কেহ আবেদন করতে পারবেন না।

১০। প্রার্থীকে বাংলাদেশের যে কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে চাকুরী করতে সম্মত থাকতে হবে।

১১। অসম্পূর্ণ/ভুল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১২। প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা কোন তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে এবং পরবর্তীতে তা প্রমাণিত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে বরখাস্তকরণসহ দেশের প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩। বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে নিয়োগের পূর্ব মুহূর্ত পর্যন্ত কোন পদে নিয়োগ/বদলী/পদোন্নতির মাধ্যমে কোন জেলা কোটা পূরণ হলে সে জেলার প্রার্থীদের আবেদন বিবেচনা করা হবে না।

১৪। উল্লিখিত পদের জন্য মুক্তিযোদ্ধা/শহীদযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান হলে খামের উপর তা সু-স্পষ্ট ভাবে উল্লেখ করতে হবে।

১৫। অসম্পূর্ণ আবেদন তথা নির্ধারিত আবেদন পত্রটি যথাযথ ভাবে পূরণ না করা হলে বা আংশিক পূরণ করা হলে বা ভুল তথ্য প্রদান করা হলে অথবা প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যের গড়মিল পাওয়া গেলে আবেদন পত্র বাছাই প্রক্রিয়া অর্থাৎ লিখিত/ব্যবহারিক/মৌখিক সাক্ষাৎকার পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে। যদি কোন প্রার্থীর ক্ষেত্রে আবেদন পত্রের কোন অংশ প্রযোজ্য না হয় সেই ক্ষেত্রে **"প্রযোজ্য নয়"** উল্লেখ করতে হবে।

১৬। খামের উপর প্রার্থিত পদের নাম সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে এবং আবেদন পত্র A4 সাইজের খামে প্রেরণ করতে হবে।

১৭। নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের সময় প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৮। অত্র নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে নিয়োগ প্রদানে কর্তৃপক্ষ বাধ্য নহে।

29-01-23
(মোঃ আকমল হোসেন)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধ সহ) জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়।

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃঅঃ)/ পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ জানানো হলো)।
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ------------------------- পবিস-১/২/৩/৪।
০৫। ডিজিএম (কারিগরী)/ দাশুড়িয়া/আটঘরিয়া/ভাংগুড়া জোনাল অফিস, পাবনা পবিস-১।
০৬। এজিএম (ওএন্ডএম), ফরিদপুর সাব-জোনাল অফিস, পাবনা পবিস-১।
০৭। এজিএম (অর্থ/ওএন্ডএম/সদস্য সেবা/ইএন্ডসি/আইটি/মানব সম্পদ), পাবনা পবিস-১।
০৮। জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি), পাবনা পবিস-১, পবিসের ওয়েব সাইটে প্রকাশের জন্য।
০৯। নোটিশ বোর্ড, পাবনা পবিস-১।

29-01-23
(মোঃ আকমল হোসেন)
জেনারেল ম্যানেজার